

আবেদনের নিয়মাবলি

১) নিম্নের লিংক হতে ভর্তি ফরম ডাউনলোড করে তা পূরণ করতে হবে।

<https://rda.gov.bd/site/page/aa964d6f-35fb-48ab-ae58-bc95e0485d8f/->

২) পূরণকৃত ফরম সরাসরি বা ডাকযোগে আরডিএ, বগুড়াস্থিত "পিজিডিআরডি অফিস, কক্ষ নং - ৫০৮, অনুযদ ভবন ২, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া" এ জমা প্রদান করা যাবে অথবা কর্মসূচি পরিচালকের ই-মেইল আইডিতে (mehdeerda@gmail.com) প্রেরণ করতে হবে।

৩) পূরণকৃত ভর্তি ফরমের সাথে আবশ্যিকভাবে "মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া" বরাবর ২০০/- টাকার পে অর্ডার/ ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে।

৪) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নোক্ত কাগজপত্রাদির ফটোকপি দাখিল করতে হবে।

- এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর (প্রযোজ্য ক্ষেত্রে)/ সমমানের ডিগ্রির পাশের সনদপত্র ও মার্কশিট;
- ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক নাগরিকত্বের সনদপত্র;
- সর্বশেষ অধ্যয়নকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত চারিত্রিক সনদপত্র;
- জাতীয় পরিচয়পত্র;
- দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঙিন ছবি।

৫) সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সরকারি কর্মকর্তারা (ক্যাডার ও নন-ক্যাডার) শিক্ষা ছুটি নিয়ে কোর্সটি সম্পন্ন করতে পারবেন।

৬) নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

৭) অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও ভুল তথ্যাদি সন্নিবেশিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮) বিস্তারিত তথ্যের জন্য ০১৯২০-৩৩৩৬৮৪ নম্বরে যোগাযোগ করুন।

৯) (ক) আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদি জমাদানের শেষ তারিখ : ১৭ সেপ্টেম্বর, ২০২৩ (রবিবার)

(খ) নির্বাচনী পরীক্ষা : ২০ সেপ্টেম্বর, ২০২৩ (বুধবার)

(গ) নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ : ২১ সেপ্টেম্বর, ২০২৩ (ব্রহ্মস্পতিবার)

(ঘ) ভর্তি শুরু : ২৪ সেপ্টেম্বর, ২০২৩ (রবিবার)

(ঙ) ভর্তির শেষ তারিখ : ২৭ সেপ্টেম্বর, ২০২৩ (বুধবার)

(চ) ওরিয়েন্টেশন ওয়ার্কশপ : ০৩ অক্টোবর, ২০২৩ (মঙ্গলবার)

(ছ) ক্লাস শুরু : ০৪ অক্টোবর, ২০২৩ (বুধবার)